84

...রিখ 18 AUG 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

## রাজশাহী ভার্সিটি এলাকায় ৩ দফা সংঘর্ষ

# গ্রাম থেকে ৩ হাজার ছাত্রের ক্যাম্পাসে আশ্রয় গ্রহণ

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ১৭ই আগস্ট।– গ্রামবাসী ও রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদের মধ্যে আজও তিনদফা সংঘর্ষ হয়। সংঘর্ষ চলাকালে ধাওয়া–পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপ হয়। পুলিশ সংঘর্ষ থামাতে ৮ রাউন্ড কাঁদানে গ্যাস ছোড়ে। সংঘর্ষে আজ একজন ছাত্র মারাত্মক আহত হয়েছে। স্টেশন এলাকায় দু'দফা ও হাবীবুর রহমান হলের সামনে একদফা এই সংঘর্ষ হয়।

এদিকে গ্রাম এলাকায় মেসে বসবাসকারী ৩ হাজার ছাত্র আজ নিরাপত্তার অভাবে ক্যাম্পাসে চলে

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর) **গ্রাম থেকে**

এসেছে। গ্রামবাসীরা আজ বনফুল নামে একটি মেসে হামলা চালিয়ে ছাত্রদের সবকিছু লুট করে নিয়ে যায়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘটনার শান্তিপূর্ণ নিষ্পত্তির লক্ষ্যে গ্রামবাসীদের সঙ্গে আজ বৈঠক করে। স্থানীয় মেহেরচণ্ডী গ্রামে এ বৈঠক হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয় সকল হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয় প্রক্টর এবং গ্রামের মাতব্বররা উপস্থিত ছিলেন। বৈঠকে গ্রামবাসীরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আশ্বাস দেয় যে, তাদের পক্ষ থেকে ছাত্রদের ওপর কোন হামলা চালানো হবেনা।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংঘর্ষের ঘটনা তদন্তের জন্য ছাত্রকল্যাণ উপদেষ্টা প্রফেসর আলী আসগর খানের নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠন করেছে।

ছাত্র মৈত্রীর কর্মীরা আজ বিশ্ব–বিদ্যালয় ভিসি প্রফেসর আমানুল্লাহ আহমদের বাসভবন ঘেরাও করে। ছাত্রদের নিরাপত্তা দাবীতে এ ঘেরাও করা হয়। ছাত্রদল সংঘর্ষের জন্য বহিরাগত ব্যক্তিদের দায়ী করেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামীকাল এ বিষয়ে ছাত্র নেতৃবৃন্দের সঙ্গে এক বৈঠককরবেন।